ওয়াসা

**ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ**
**বানিজ্যিক ব্যবস্থাপকের কার্যালয়**
ঢাকা ওয়াসা
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা- ১২১৫।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ- ৪৬.১১৩.৩০২.৬২.০০.০০.২০২০.৫৮৮-২/সিএম

তারিখঃ- ২৯ / ১২ /২০২০ ইং

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে "অংশীজনের অংশগ্রহণ" শীর্ষক কর্মশালার কার্যবিবরনী।
কর্মশালার স্থান ঃ শীতলক্ষ্যা হলরুম, ওয়াসা ভবন।
তারিখ ও সময়ঃ ২২/১২/২০২০ ইং (মঙ্গলবার), সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট "ক"।

**আলোচনাঃ**

"সুখী সমৃদ্ধ সোনার বাংলা" গড়ার প্রত্যয়ে ও প্রতিষ্ঠানের সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার অংশ হিসেবে গত ২২/১২/২০২০ ইং রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় ওয়াসা ভবনের শীতলক্ষ্যা হলরুমে একটি "অংশীজনের অংশগ্রহণ" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। ঢাকা ওয়াসার বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ ছাড়াও ৩ (তিন) জন বহিঃ স্টেকহোল্ডারের প্রতিনিধি উক্ত কর্মশালায় অংশগ্রহন করেন। কর্মশালার শুরুতে আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা এর অনুমতি স্বাপেক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নৈতিকতা কমিটি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কর্মশালার প্রেক্ষাপট ও উদ্দেশ্যে সম্পর্কে কর্মশালায় উপস্থিত সকলকে অবহিত করেন এবং কমিটির আহ্বায়ক মহোদয়কে জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর বিস্তারিত আলোচনা করার অনুরোধ জানান।

আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি ঢাকা ওয়াসা কর্মশালায় উপস্থিত সবাইকে আরও একবার স্বাগত জানিয়ে বলেন "মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত জিরো টলারেন্স নীতি ঢাকা ওয়াসায়ও অক্ষরে অক্ষরে প্রতিপালন করা হচ্ছে। দূনীর্তিতে শূন্য সহনশীলতা এবং ঢাকা ওয়াসার সকল স্তরে শৃঙ্খলা জোরদার করা এবং দুর্নীতি প্রতিরোধে ইতোমধ্যে ৮ (আট) সদস্য বিশিষ্ট একটি "শুদ্ধি অভিযান" কমিটি গঠন করা হয়েছে। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক কমিটি তাঁর কার্যক্রম শুরু করেছে এবং ভবিষ্যতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে।

কর্মশালায় ঢাকা ওয়াসার কার্যক্রম ও সেবার সাথে সরাসরি জড়িত ৩ (তিন) জন বহিঃ স্টেকহোল্ডারের প্রতিনিধি বৃন্দকে ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম ও সেবা সম্পর্কে তাদেরকে পর্যায়ক্রমে বক্তব্য দেওয়ার আহ্বান জানানো হলে প্রথমে সম্মানিত গ্রাহক মোঃ আব্দুল কাইউম, ভুঁইয়াগাড়া নিবাসী বলেন " আমরা এখন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পানির বিল পেয়ে যাই, সেক্ষেত্রে বিলের ব্যাপারে কোন সমস্যা হচ্ছেনা। তবে গ্রীষ্মকালে কয়েকটি বাড়ীতে একটু পানির সংকট থাকে"। গ্রীষ্মকালে পানির সংকট নিরসনের জন্য তিনি ঢাকা ওয়াসার সুদৃষ্টি কামনা করেন।

এলআইসি এলাকার CBO প্রতিনিধি আঃ হামিদ ফকির বলেন, ঢাকা ওয়াসার সহায়তায় বস্তি এলাকায় প্রায় সবাই এখন লাইনের মাধ্যমে পানি পাচ্ছে। নিয়মিত বিল জারি এবং আদায় হচ্ছে- যা পূর্বে কখনোই সম্ভব হয়নি। তিনি আরও উল্লেখ করেন, নিয়মিত পানি পাওয়াতে এখন তাদের আগের চাইতে কাজের গতি অনেক বেড়ে গেছে। কারণ পূর্বের ন্যায় তাদের আর পানির জন্য দীর্ঘসময় অপেক্ষা করতে হয়না। নিম্ন আয়ের বস্তিবাসীকে সাপোর্ট দেওয়ার জন্য তিনি ঢাকা ওয়াসার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (DSK) এর প্রতিনিধি জনাব অখিল চন্দ্র দাস বলেন, প্রথমদিকে বস্তিবাসীর লাইনের সংযোগ নিতে গিয়ে যে সমস্যাগুলোর মুখোমুখি হতে হয়েছে, তা এখন ঢাকা ওয়াসার প্রত্যক্ষ সহযোগিতায় নেই বললেই চলে। তিনি আরও বলেন গত ১০ বছরে ঢাকা ওয়াসার সেবার মান অনেক বেড়েছে এবং এই ধারা অব্যাহত রাখার চেষ্টা করতে হবে। ঢাকা ওয়াসার কল সেন্টার ১৬১৬২ নাম্বারে যে অভিযোগ আসে সেগুলো ঠিকমতো সমাধান বা মনিটরিং করা হচ্ছে কিনা সে ব্যাপারে ঢাকা ওয়াসাকে আরও যত্নবান হওয়ার ব্যাপারে তিনি অনুরোধ করেন।

ঢাকা ওয়াসার প্রধান প্রকৌশলী মোঃ কামরুল হাসান ঢাকা ওয়াসার কল সেন্টার ১৬১৬২ নাম্বারে ফোন করে সেবা নেয়ার পাশাপাশি গ্রাহকেরা যাতে ফিডব্যাক প্রদান করতে পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানান। এছাড়াও কর্মশালায় উপস্থিত অনেক কর্মকর্তা ঢাকা ওয়াসা কর্তৃক প্রনীত কর্ম-পরিকল্পনার উপর গুরুত্বপূর্ন মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে কর্মশালায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

| ক্রম নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সেবার মান কিভাবে আরও বাড়ানো যায় এবং ঢাকা ওয়াসার কল সেন্টার ১৬১৬২ নাম্বারে যে অভিযোগ আসে সেগুলোকে কিভাবে পর্যাপ্ত মনিটরিং এর আওতায় আনা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনা অনুযায়ী সেবার মান বাড়ানো এবং ১৬১৬২ নাম্বারে আসা অভিযোগগুলি যত দ্রুত সম্ভব সমাধানের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২ | প্রণীত কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রমগুলোর উপর বিস্তারিত আলোচনা শেষে বিভিন্ন স্তরের কর্মকর্তাদের থেকে ফিডব্যাক গ্রহণ করা হয়। | ফিডব্যাক অনুযায়ী কর্ম-পরিকল্পনা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩ | প্রতিষ্ঠানের সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা ও সেবা সহজীকরন করার লক্ষ্যে ঢাকা ওয়াসায় গঠিত ৩টি কমিটি যথাক্রমে এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি ও ইনোভেশন টিম কিভাবে নিজেদের মধ্যে সমন্বয়সাধনের মাধ্যমে কার্যকর ভূমিকা রাখতে পারে সে বিষয়ে আলোচনা করা হয়। | ঢাকা ওয়াসায় গঠিত ৩টি কমিটি যথাক্রমে এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি ও ইনোভেশন টিম এর সমন্বয় সভা আহ্বান করতে হবে। | |
| ৪ | এপিএ-তে প্রত্যেক কর্মকর্তা- কর্মচারীর প্রত্যেকের ৫০ (পঞ্চাশ)কর্ম- ঘন্টা প্রশিক্ষনের বাধ্যবাধকতা থাকায় কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারীদের প্রত্যেকের প্রশিক্ষন কর্ম-ঘন্টা হিসেবে যোগ করার বিষয়ে আলোচনা করা হয়। | আলোচনা অনুযায়ী কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারীদের প্রত্যেকের প্রশিক্ষন কর্ম- ঘন্টা হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | ঢাকা ওয়াসার কার্যক্রম সম্পর্কে জনগনকে অবহিত করা এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এলাকা, পাড়া বা মহল্লায় মাইকিং এবং লিফলেট বিতরন কার্যক্রম পরিচালনা করা। | জনগনের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং এবং লিফলেট বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

স্বাঃ/

প্রকৌশলী উত্তম কুমার রায়,এফসিএমএ,
বানিজ্যিক ব্যবস্থাপক
ও
আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়ন নৈতিকতা কমিটি,
ঢাকা ওয়াসা।

স্মারক নং ঃ- ৪৬.১১৩.৩০২.৬২.০০.০০.২০২০.৫৮৮-২/সিএম তারিখঃ- ২৯ / ১২ /২০২০ ইং

**বিতরণ ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন/অর্থ), ঢাকা ওয়াসা।
২। পরিচালক (উন্নয়ন/টেকনিক্যাল), ঢাকা ওয়াসা।
৩। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিএন্ডডি), ঢাকা ওয়াসা।
৫। মোঃ মোহসেন আলী মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক,দাসেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প, ঢাকা ওয়াসা।
৬। আব্দুল ওয়াসেত, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক,পাঁচ খাল প্রকল্প, ঢাকা ওয়াসা।
৭। মোঃ নুরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, জরুরী পানি সরবরাহ প্রকল্প, ঢাকা ওয়াসা।
৮। মোঃ রফিকুল ইসলাম,পি.জে.ডব্লিউ.টি.পি প্রকল্প, ঢাকা ওয়াসা।
৯। মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা।
১০। মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, উত্তরা পয়ঃ শোধনাগার নির্মানের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প, ঢাকা ওয়াসা।
১০। এস.এম মোস্তাফা কামাল মজুমদার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও উপ-প্রকল্প পরিচালক ও প্রধান রাজস্ব কর্মকর্তা এবং সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
১২। সচিব ও সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
১৩। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা ও সদস্য NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
১৪। প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, এম আই এস, ঢাকা ওয়াসা।
১৬। ফজলে রাব্বি মোহাম্মদ আহসান,উপ-প্রধান (পরিকল্পনা), ঢাকা ওয়াসা।
১৭। জেনি চাক্মা,নির্বাহী প্রকৌশলী,পয়ঃ (পূঃ ও উঃ) বিভাগ-১ ও ফোকাল পয়েন্ট, NIS, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।
১৮। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১৯। ইন্দ্রজিৎ সিংহ চৌধুরী,উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
২০। মীর মেহেদী হোসেন,সিনিয়র কমিউনিটি অফিসার, ঢাকা ওয়াসা।
২১। উপ-সচিব, প্রশাসন বিভাগ-১/২, ঢাকা ওয়াসা।
২২। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সচিব (শৃংখলা ও তথ্য অধিকার কর্মকর্তা), ঢাকা ওয়াসা।
২৩। অর্পিতা সাহা, সহকারী সিষ্টেম এনালিষ্ট ( এম.আই.এস এন্ড বিলিং) NIS Corner, ঢাকা ওয়াসা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
২৪। পিএ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
২৫। অফিস কপি।

২৯/১২/২০২০

**জেনি চাক্মা**
নির্বাহী প্রকৌশলী
পয়ঃ ( পূঃ ও উঃ ) বিভাগ -১
ঢাকা ওয়াসা।
ও
ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়ন নৈতিকতা কমিটি, ঢাকা ওয়াসা।

## ''অংশীজনের অংশগ্রহণ" শীর্ষক কর্মশালায় উপস্থিত অংশগ্রহনকারীদের তালিকা।

স্থানঃ শীতলক্ষ্যা হলরুম (৪র্থ) তলা, ওয়াসা ভবন

তারিখঃ ২২/১২/২০২০ ইং

সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | অফিস/বিভাগ | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | মোঃ কামরুল হাসান<br>প্রধান প্রকৌশলী | প্রধান প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ওয়াসা। | |
| ২। | মোঃ আখতারুজ্জামান<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ওয়াসা। | 22/12/20 |
| ৩। | মোঃ রুহুল আমিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা। | |
| ৪। | মোঃ আব্দুস সালাম ব্যাপারী<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা। | |
| ৫। | মোঃ মোহসেন আলী মিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | দাসেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প, ঢাকা ওয়াসা। | ২২/১২/২০ |
| ৬। | মোঃ মাহমুদুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প, ঢাকা ওয়াসা। | |
| ৭। | মোঃ নুরুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | জরুরী পানি সরবরাহ প্রকল্প, ঢাকা ওয়াসা। | 22/12/2০ |
| ৮। | মোঃ রফিকুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | ঢাকা স্যানিটেশন ইম্প্রুভমেন্ট প্রকল্প, ঢাকা ওয়াসা। | 22/12/2020 |
| ৯। | আব্দুল ওয়াসেত<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | " হাজারীবাগ, বাইশটেকী, কুর্মিটোলা, মান্ডা ও বেগুনবাড়ী খালে ভূমি অধিগ্রহণ এবং খনন/পুনঃখনন" প্রকল্প, ঢাকা ওয়াসা। | 22/12/20 |
| ১০। | শওকত মাহমুদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | ঢাকা মহানগর ড্রেনেজ নেটওয়ার্ক সম্প্রসারন এবং খাল উন্নয়ন প্রকল্প, ঢাকা ওয়াসা। | |
| ১১। | মোঃ আব্দুল লতিফ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক | উত্তরা পয়ঃ শোধনাগার নির্মানের জন্য ভূমি অধিগ্রহন প্রকল্প, ঢাকা ওয়াসা। | ২২/১২/২০২০ |
| ১২। | মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ডব্লিউএসটিপি সার্কেল,ঢাকা ওয়াসা। | 22/12/2020 |
| ১৩। | সিনিয়র সিষ্টেম এনালিষ্ট | এম.আই.এস . ঢাকা ওয়াসা। | |
| ১৪। | ফজলে রাব্বি মোহাম্মদ আহ্সান<br>উপ-প্রধান (পরিকল্পনা) | পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা ওয়াসা। | ২২/১২/20 |
| ১৫। | নিশাত মজুমদার<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা। | |

| ক্রমিক নং | নাম ও পদবী | অফিস/বিভাগ | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১৬। | এ.এম. মোস্তফা তারেক<br>উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা | জনতথ্য কর্মকর্তার কার্যালয়, ঢাকা ওয়াসা। | |
| ১৭। | ইন্দ্রজিৎ সিংহ চৌধুরী<br>উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা। | রাজস্ব জোন-৬, ঢাকা ওয়াসা। | 22.12.2020 |
| ১৮। | জনাব মেহেদী হাসান, সিনিয়র কমিউনিটি অফিসার। | বানিজ্যিক ব্যবস্থাপকের কার্যালয়, ঢাকা ওয়াসা। | 22/12/2020 |
| ১৯। | জনাব রফিকুল ইসলাম, তথ্য অধিকার কর্মকর্তা ও সহকারী-সচিব। | প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা। | 22/12/202 |
| ২০। | জনাবা অর্পিতা সাহা, সহকারী সিস্টেম এনালিষ্ট | কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা । | |
| ২১। | [illegible] | প্রতিনিধি,DSK। | |
| ২২। | | প্রতিনিধি, CBO । | |
| ২৩। | মোঃ আব্দুল কাইয়ুম<br>[illegible] | প্রতিনিধি, সেবা গ্রহীতা | 22/12/20 |
| ২৪। | [illegible] | NDBS | |
| ২৫। | Rajesh Kumar Dhar<br>ME(H) | MIS & Billing<br>computer center | |
| ২৬। | | | |